

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র অধিদপ্তর  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.৯৯.১০৯.২৩.৫৫

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ  
২৭ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়:** “টেক্সটাইল স্পিনিং (রিসাইক্রিং)” উপ-খাতের বস্ত্র শিল্প কারখানার অনুকূলে সরবরাহকারী কর্তৃক বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ ছাড়করণের লক্ষ্যে আই, পি জারীকরণ প্রসংগে।

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নং- ৮১৭, তারিখঃ ২৬/০৭/২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আলোকে জানানো যাচ্ছে যে, ঝাও শং টেক্সটাইল লিমিটেড, অফিসঃ রোড-০২, সেক্টর-১০, উত্তরা, ঢাকা ও কারখানাঃ সারাবো, ভবানীপুর, কাশিমপুর, গাজীপুর সদর, গাজীপুর কারখানাটি “টেক্সটাইল স্পিনিং (রিসাইক্রিং)” উপ-খাতে নিবন্ধনকৃত একটি বস্ত্র শিল্প ইউনিট। যার নিবন্ধন সংখ্যা- পরিঃ/স্পিনিং: ০০০০০৭২৮-২০২৩, তারিখ-১০/০৭/২০২৩ খ্রিঃ। উদ্যোক্তা বিদ্যমান কারখানার সুযমকরণ/আধুনিকীকরণ/প্রতিস্থাপন ও সম্প্রসারণের নিমিত্তে সরবরাহকারী কর্তৃক বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ ছাড়করণের আমদানী পারমিট (আই, পি) জারীর লক্ষ্যে সুপারিশ প্রেরণের আবেদন করেছেন। উল্লেখ্য, বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ ছাড়করণের অপেক্ষায় চট্টগ্রাম কাষ্টমস কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে রয়েছে। আবেদন পত্রের সহিত শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহের ইনভয়েস নং- ZHAO2301, তারিখ- 14-07-2023 খ্রিঃ, এয়ারওয়ে বিল/বিল অব লেডিং নং-SKZZ2307090, তারিখ-24-07-2023 খ্রিঃ, যার ইনভয়েস মূল্য- ৬২,০০০.০০ মার্কিন ডলার দাখিল করেছেন। প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ কারখানার অবস্থানঃ সারাবো, ভবানীপুর, কাশিমপুর, গাজীপুর সদর, গাজীপুর এলাকায় স্থাপন করবেন বলে জানিয়েছেন।

বর্ণিত অবস্থায়, কারখানার নামে বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ খালাস করার লক্ষ্যে আমদানী নীতি ২০২১-২০২৪ অনুযায়ী বিধি বিধান প্রতিপালন সাপেক্ষে নিম্নবর্ণিত শর্তে প্রয়োজনীয় ইম্পোর্ট পারমিট (আই.পি) জারী করার জন্য সুপারিশ করা হলো।

শর্তসমূহঃ

- বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহের বিপরীতে কোন মূল্য পরিশোধ করা যাবে না।
- প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ নিজস্ব কারখানার সারাবো, ভবানীপুর, কাশিমপুর, গাজীপুর সদর, গাজীপুর এলাকায় স্থাপন করতে হবে।
- উল্লেখিত মেশিনারীজ/যন্ত্রাংশ অন্য কোথাও বিক্রয় বা হস্তান্তর করা যাবে না এবং সরকারের অন্যান্য দপ্তর সংস্থার যাবতীয় বিধিবিধান প্রতিপালন করতে হবে।



২৭-০৭-২০২৩  
মোঃ নিজাম উদ্দিন  
উপ-পরিচালক

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।



স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.৯৯.১০৯.২৩.৫৫/১ (৪)

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ  
২৭ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। কমিশনার, কাষ্টমস হাউজ, চট্টগ্রাম;
- ২। মহা-ব্যবস্থাপক, পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা;
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, ঝাও শং টেক্সটাইল লিমিটেড, অফিসঃ রোড-০২, সেক্টর-১০, উত্তরা, ঢাকা ও কারখানাঃ সারাবো, ভবানীপুর, কাশিমপুর, গাজীপুর সদর, গাজীপুর এবং
- ৪। ওয়ানস্টপ সার্ভিস, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।



২৭-০৭-২০২৩  
মোঃ দেলোয়ার হোসেন  
সহকারী পরিচালক